জাতীয় নির্বাচন ও গণভোট নিয়ে দ্রুত সিদ্ধান্ত আসছে: উপদেষ্টা রিজওয়ানা



সংগৃহীত ছবি

জাতীয় নির্বাচন ও গণভোট প্রসঙ্গে সরকার দ্রুত সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। রাজনৈতিক দলগুলো একমত হতে না পারায় সরকার এখন নিজস্ব আলোচনায় সিদ্ধান্তে পৌঁছাবে।

আজ সোমবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, “আমরা চেয়েছিলাম দলগুলো নিজেরা মতপার্থক্য মিটিয়ে জানাক। সাত দিন কেটে গেলেও অগ্রগতি হয়নি। তাই সরকার আলোচনায় বসে যুক্তিযুক্ত সিদ্ধান্ত নেবে।”

রিজওয়ানা আরও বলেন, “সরকার কোনো পক্ষের নয়। জনগণের প্রত্যাশা ও রাষ্ট্রের স্বার্থ বিবেচনায় সিদ্ধান্ত নেওয়া হবে। কাউকে কিছু চাপিয়ে দেওয়া হবে না।”

তিনি জানান, সরকারের দরজা এখনো সবার জন্য খোলা। প্রয়োজনে আবারও রাজনৈতিক দলগুলোকে আলোচনায় ডাকতে পারে সরকার। তবে এখন নিজেদের মধ্যে আলোচনা করেই অবস্থান স্পষ্ট করবে।

LENS ASIA

উপদেষ্টা বলেন, “নির্বাচন ফেব্রুয়ারিতেই হবে। কেউ বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করছে, কিন্তু সরকার নির্বাচনের প্রস্তুতিতে অটল। বিশৃঙ্খলার কোনো সুযোগ দেওয়া হবে না।”

তিনি আরও যোগ করেন, “লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিত করতে ইসিকে সর্বোচ্চ সহায়তা দেওয়া হবে। কেউ অনিয়মের অভিযোগ দিলে সরকার ব্যবস্থা নেবে। আমাদের লক্ষ্য শান্তিপূর্ণ ও গ্রহণযোগ্য নির্বাচন।”